# সংবাদ

তারিখ ..... 5 AUG 2009 ...
পৃষ্ঠা ...১২... কলাম...৭... ......

# আন্তর্জাতিকমানের শিক্ষা ব্যবস্থা প্রণয়নে পদক্ষেপ নিয়েছে সরকার

—শিক্ষামন্ত্রী

নিজস্ব বার্তা পরিবেশক

দেশের বর্তমান শিক্ষা ব্যবস্থা যুগোপযোগী এবং আন্তর্জাতিক মানের নয়। শিক্ষা ব্যবস্থাকে ঢেলে সাজিয়ে একটি বিজ্ঞানমুখী এবং বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা প্রণয়ন করতে বর্তমান সরকার বদ্ধপরিকর। ইতোমধ্যে সরকার এর জন্য সব প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করেছে। গতকাল ছায়ানট সংস্কৃতি ভবন মিলনায়তনে বাংলাদেশ নারী প্রগতি সংঘের (বিএনপিএস) পক্ষ থেকে ২০০৮ সালে ইতালিতে অনুষ্ঠিত পিস ক্যাম্পে অংশগ্রহণকারী ছাত্রছাত্রীদের অভিজ্ঞতা বিনিময় ও সংঘের সনদপত্র বিতরণ অনুষ্ঠানে শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মহিলা এবং শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ড. শিরিন শারমিন চৌধুরী। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন নারী প্রগতি সংঘের নির্বাহী পরিচালক রোকেয়া কবির।

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ বলেন, আন্তর্জাতিক যেকোন প্রতিযোগিতায় আমাদের দেশের ছেলেমেয়েরা কম সুযোগ পায়। ভবিষ্যতে এই সুযোগ বৃদ্ধির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

মন্ত্রী আমাদের বর্তমান শিক্ষা ব্যবস্থার

নিয়েছে : পৃ: ২ ক: ৬

## নিয়েছে : পদক্ষেপ

(১২ পৃষ্ঠার পর)

উদাহরণ টেনে বলেন বাস্তবমুখী শিক্ষা ব্যবস্থা থেকে আমরা এখনও অনেক দূরে। আমাদের দেশের শতকরা ১০ জন শিশু এখন ও স্কুলে যায় না। আবার স্কুলে যাওয়া ছেলেমেয়েদের মধ্যে ৪৮ ভাগ মাধ্যমিকে যাওয়ার আগে ঝরে পড়ে। তাই বর্তমান সরকার আন্তর্জাতিক মান সম্পন্ন শিক্ষাব্যবস্থা গ্রহণ করেছে কিছুদিনের মধ্যেই এর সুফল পেতে শুরু করবে। মহিলা ও শিশু বিষয়ক প্রতিমন্ত্রী ড. শিরিন শারমিন চৌধুরী বলেন, আমরা যে দেশেরই নাগরিক হই না কেন সাংস্কৃতিক চর্চার মাধ্যমে আমরা আবদ্ধ হতে পারি। তিনি শিক্ষার পাশাপাশি শিশুদের সাংস্কৃতিক চর্চা চালিয়ে যাওয়ার কথা বলেন।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বিশিষ্ট ফ্যাশন ডিজাইনার বিবি রাসেল, এ্যারা ইন্টারন্যাশনাল স্কুলের অধ্যক্ষ আবদুর রহমান, রাজারবাগ পুলিশ লাইন স্কুল ও কলেজের অধ্যক্ষ লিয়াকত আলী, মতিঝিল সরকারি বালক উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক সৈয়দ হাফিজুল ইসলামসহ বিভিন্ন স্কুলের প্রধান শিক্ষকরা এবং বিভিন্ন এনজিওর প্রতিনিধিরা।